## ♣ উত্তরপত্র

১২তম শিক্ষক নিবন্ধন পরীক্ষা-স্কুল পর্যায়

**Total questions : 100 Total marks : 100**

---

1) Tawfiq went to library with a view to...............

✔ 1) reading a book
2) buy some book
3) read a book
4) reads a book

**ব্যাখ্যা :** With a view to ( উদ্দেশ্য) হচ্ছে একটি phrase যার পর verb আসলে verb এর সাথে ing যুক্ত হয়।এমন আরো কিছু phrase হচ্ছে - Look forward to ,conducive to , addicted to ইত্যাদি।

2) বুড়িমারী স্থল বন্দর কোন উপজেলায় অবস্থিত?

1) হাতিবান্ধা
2) ভুরুঙ্গামারী
✔ 3) পাটগ্রাম
4) চিলমারী

**ব্যাখ্যা :** বাংলাদেশের লালমনিরহাট জেলার পাটগ্রাম উপজেলার অন্তর্গত বুড়িমারি স্থলবন্দর। এ স্থলবন্দরের আয়তন ১১.১৫ একর। এর অপরদিকে ভারতের পশ্চিমবঙ্গের চন্দ্রাবান্ধা অবস্থিত।

Hello BCS

3) If you wanted , I (help) you.

1) help
2) helped
✔ 3) would help
4) will help

**ব্যাখ্যা :** Second conditional Sentence - এর 'If clause ' এ Past Indefinite ব্যবহৃত হলে principal clause এ would/ could/might + verb এর present form ব্যবহৃত হয়।

4) Every mother loves her child( negative)

1) there is no mother loving her child
2) every mother can not but loves her child
3) no mother loves her child
✔ 4) There is no mother but loves her child

**ব্যাখ্যা :** Every দ্বারা কোনো positive বা Affirmative sentence গঠিত হলে তার Negative করতে There is no + positive sentence - এর subject + but ( ছাড়া অর্থে ) + verb + extension । সুতরাং (ঘ) সঠিক ।

5) পৃথিবীর প্রাচীনতম সভ্যতা কোনটি?

1) অ্যাসেরিয় সভ্যতা
2) সুমেরীয় সভ্যতা
3) মিশরীয় সভ্যতা
✔ 4) মেসোপটেমীয় সভ্যতা

**ব্যাখ্যা :** বিশ্বের সবচেয়ে প্রাচীন সভ্যতা মেসোপটেমীয় সভ্যতা গড়ে উঠে ইউফ্রেটিস ও টাইগ্রিস নদীর তীরে। আবার মেসোপটেমীয় সভ্যতারই চারটি পর্ব ছিল। সেগুলো হলো সুমেরীয় সভ্যতা, ব্যাবলিনীয় সভ্যতা, অ্যাশিরীয় সভ্যতা ও ক্যালডীয় সভ্যতা। মিশরীয় সভ্যতা গড়ে উঠে নীল নদের তীরে।

6) You'll fail in the exam, if you--- from school.

1) put off
2) put out
3) take to task
✔ 4) Play Truant.

**ব্যাখ্যা :** Take to task - তিরস্কার করা ;Put off - ফেলে রাখা ; Put out - নিভানো এবং Play truant -পলায়ন করা । প্রশ্নোক্ত sentence -এর meaning হিসাবে play truant ই সঠিক যার অর্থ হয় - স্কুল হতে পলায়ন করলে তুমি পরীক্ষায় অকৃতকার্য হবে।

7) ৪% হার মুনাফায় কোন টাকার ২ বছরের মুনাফা ও চক্রবৃদ্ধি মুনাফার পার্থক্য ১ টাকা হলে, মূলধন কত?

1) ৩২৫ টাকা
2) ৪২৫ টাকা
3) ৫২৫ টাকা
✔ 4) ৬২৫ টাকা

**ব্যাখ্যা :** চক্রবৃদ্ধি ও সরল মুনাফার পার্থক্য = ১
বা, p{(১ + r)$^{n}$ - ১ - nr} = ১
বা p {(১ + ০.০৪)$^{২}$ - ১ - (২গুন ০.০৪)} = ১
বা p (১.০৮১৬ - ১ - ০.০৮)= ১
বা p = ১/ .০০১৬
p= ৬২৫

Hello BCS

8) ‘খাতক’ এর বিপরীত শব্দ কোনটি ?

1) ঘাতক
✔ 2) মহাজন
3) কুজন
4) সুজন

**ব্যাখ্যা :** খাতক এর বিপরীত শব্দ মহাজন, কুজন - সুজন, ঘাতক - পালক,

9) বিশ্ব পরিবেশ দিবস পালিত হয় কবে?

1) ২৩ জুন
✔ 2) ৫ জুন
3) ১৮ জানুয়ারী
4) ২৫ ডিসেম্বর

**ব্যাখ্যা :** ১৯৭২ সালে জাতিসংঘের সাধারণ অধিবেশনে প্রতি বছর ৫ জুন বিশ্ব পরিবেশ দিবস পালনের সিদ্ধান্ত গৃহীত হয়।

Hello BCS

10) The Synonym of the 'Witty' is

1) boring
✔ 2) clever
3) tedious
4) dull

**ব্যাখ্যা :** Witty অর্থ রসিক ও বুদ্ধিমান। অপশন গুলোর মধ্যে dull অর্থ নিস্তেজ ; clever অর্থ বুদ্ধিমান ; boring অর্থ বিরক্তিকর ; tedious অর্থ ক্লান্তিকর। সুতরাং Witty ও clever হচ্ছে synonym।

11) সামন্তরিকের কর্ণদ্বয় পরস্পর সমান হলে সামন্তরিকটি হবে-

✔ 1) আয়তক্ষেত্র
2) রম্বস
3) ট্রাপিজিয়াম
4) বর্গক্ষেত্র

**ব্যাখ্যা :** সামন্তরিক সেই চতুর্ভুজকে নির্দেশ করে যার বিপরীত বাহুদ্বয় পরস্পর সমান ও সমান্তরাল।
সামন্তরিকের কর্ণদ্বয় পরস্পর সমান হলে সামন্তরিকটি হবে একটি আয়তক্ষেত্র ।
আয়তক্ষেত্রের কর্ণদ্বয় পরস্পর সমান ।
ট্রাপিজিয়ামের সামন্তরিক নয় ।
রম্বসের কর্ণদ্বয় পরস্পর সমান নয় ।

12) কোন ভিটামিনের অভাবে স্কার্ভি রোগ হয়?

1) ভিটামিন বি
✔ 2) ভিটামিন সি
3) ভিটামিন ডি
4) ভিটামিন এ

**ব্যাখ্যা :** ভিটামিন 'এ' এর অভাবে রাতকানা রোগ হয়। ভিটামিন 'বি' এর অভাবে বেরিবেরি রোগ হয়। ভিটামিন 'সি' এর অভাবে স্কার্ভি রোগ হয়। ভিটামিন 'ডি' এর অভাবে শিশুদের রিকেটস রোগ হয়।

13) পূর্বপদ প্রধান সমাস কোনটি ?

1) বহুব্রীহি
2) দ্বন্দ্ব
✔ 3) অব্যয়ীভাব
4) তৎপুরুষ

**ব্যাখ্যা :** পূর্বপদে অব্যয়যোগে নিষ্পন্ন সমাসে যদি অব্যয়েরই অর্থের প্রাধান্য থাকে, তবে তাকে অব্যয়ীভাব সমাস বলে। অব্যয়ীভাব সমাসে কেবল অব্যয়ের অর্থযোগে ব্যাসবাক্যটি রচিত হয়। যেমন জানু পর্যন্ত (পর্যন্ত শব্দের অব্যয় আ) = আজানুলম্বিত (বাহু) , মরণ পর্যন্ত = আমরণ।

14) Though he is poor, _____.

1) he was honest
2) but he is honest
✔ 3) he is honest
4) but he was honest

**ব্যাখ্যা :** Though /although (যদিও ) যুক্ত বাক্যে সাধারণত দুটি বিপরীতমুখী Expressions থাকে। তবে principal clause এর শুরুতে and , but কোনো কিছু যুক্ত হয় না।

15) FAO এর সদর দপ্তর?

1) নিউইয়র্ক
✔ 2) রোম
3) ম্যানিলা
4) জেনেভা

**ব্যাখ্যা :** কৃষি বিষয়ক জাতিসংঘের অঙ্গ সংস্থা FAO, IFAD এর সদর দপ্তর ইতালীর রোমে অবস্থিত।

16) বৃত্তের ব্যাস ৩ গুণ বৃদ্ধি করলে ক্ষেত্রফল বৃদ্ধি পাবে –

1) ১৬

Hello BCS

2) ১২
3) ৪
✔ 4) ৯

**ব্যাখ্যা :** ধরি , বৃত্তের ব্যাস d
বৃত্তের ক্ষেত্রফল = d2 /৮
বৃদ্ধির পর বৃত্তের ব্যাস = ৩d
" " ক্ষেত্রফল = (৩d)2 /৮ = ৯d2 /৮
ক্ষেত্রফল বৃদ্ধি পাবে = (৯d2 /৮)/(d2 /৮) বা ৯ গুণ।

17) The antonym of the word 'flexible ' is

1) changeable
✔ 2) hard
3) elastic
4) ductile

**ব্যাখ্যা :** flexible অর্থ নমনীয়। Some synonyms of flexible: alterable, changeable, elastic, fluid, malleable, modifiable. Some antonyms of flexible: fixed, immutable, inelastic, inflexible, invariable, hard.

18) The antonym of the word 'adverse' is .

1) negative
2) unfavourable
3) hostile
✔ 4) favourable

**ব্যাখ্যা :** adverse অর্থ হচ্ছে প্রতিকূল। অপশন গুলোর মধ্যে hostile, unfavourable অর্থ হচ্ছে প্রতিকূল ; favourable অর্থ হচ্ছে অনুকূল। সুতরাং adverse ও favourable হচ্ছে antonym ।

19) $9x^2 + 16y^2$ এর সাথে কত যোগ করলে যোগফল একটি পূর্ণবর্গ হবে?

1) 144 xy
2) 12 xy
3) 6 xy
✔ 4) 24 xy

**ব্যাখ্যা :** মনে করি, a যোগ করতে হবে
$9x^2 + 16y^2 + a = (3x)^2 + (4y)^2 + 2.3x.4y$
বা, $9x^2 + 16y^2 + a = (3x)^2 + (4y)^2 + 24xy$
বা, $a = 24xy$

Hello BCS

20) ‘কমা‘ কোথায় বসে ?

1) প্রশ্ন বোঝানোর জন্য
2) বাক্যের মাঝে কোনো পদ ব্যাখ্যা করার জন্য
3) কোন অপূর্ণ বাক্যের পর
✔ 4) সম্বোধন পদের পর

**ব্যাখ্যা :** বাক্য পাঠকালে সুস্পষ্টতা বা অর্থ - বিভাগ দেখাবার জন্য যেখানে স্বল্প বিরতির প্রয়োজন, সেখানে কমা ব্যবহৃত হয়। যেমন সুখ চাও, সুখ পাবে পরিশ্রমে। পরস্পর সম্বন্ধযুক্ত একাধিক বিশেষ্য বা বিশেষণ পদ এক সঙ্গে বসলে শেষ পদটি ছাড়া বাকি সবগুলোর পরই কমা বসবে।

21) নেলসন ম্যান্ডেলা কত সালে নোবেল পুরস্কার পেয়েছেন?

1) ১৯৯০
2) ১৯৯২
✔ 3) ১৯৯৩
4) ১৯৯১

**ব্যাখ্যা :** ১৯৯০ সালে নেলসন ম্যান্ডেলা মুক্তি পান। ১৯৯২ সালে আফ্রিকান ন্যাশনাল কংগ্রেস প্রতিষ্ঠিত হয়। ১৯৯৩ সালে নেলসন ম্যান্ডেলা নোবেল শান্তি পুরস্কার পান।

22) কোন প্রত্যয়যুক্ত পদে মূর্ধন্য ‘ষ‘ হয় না

1) সা
✔ 2) সাৎ
3) ষ্ণেয়
4) ষ্ণিক

**ব্যাখ্যা :** সংস্কৃত 'সাৎ' প্রত্যয়যুক্ত পদে ষ হয় না । যেমন - অগ্নিসাৎ ধূলিসাৎ ভূমিসাৎ ইত্যাদি।

23) পাঁচটি ঘন্টা একত্রে বেজে যথাক্রমে 5, 10, 15, 20 & 25 সেকেণ্ড অন্তর বাজতে লাগল,কতক্ষণ পর ঘন্টাগুলো পুনরায় একত্রে বেজে উঠবে?

✔ 1) ৫ মিনিট
2) ৬ মিনিট
3) ৮ মিনিট
4) ৭ মিনিট

**ব্যাখ্যা :** ৫, ১০, ১৫, ২০ ও ২৫ সেকেণ্ড এর ল.সা.গু. = ৩০০ সেকেন্ড = ৫ মিনিট

24) ভূমিকম্প মাপার যন্ত্রের নাম কি?

✔ 1) সিসমোগ্রাফ

Hello BCS

2) ক্রেস্কোগ্রাফ
3) ফ্যানোমিটার
4) ট্রান্সমিটার

**ব্যাখ্যা :** ফ্যাদোমিটার সমুদ্রের গভীরতা নির্ণায়ক যন্ত্র। ক্রেসকোগ্রাফ উদ্ভিদের বৃদ্ধি নির্ণায়ক যন্ত্র। সিসমোগ্রাফ ভূমিকম্প নির্ণায়ক যন্ত্র।

25) 'হাতি' এর সমার্থক শব্দ কোনটি ?

1) তনু
✔ 2) গজ
3) সঙ্গী
4) ঘোটক

**ব্যাখ্যা :** 'হাতি' এর সমার্থক শব্দ গজ , দন্তী, দ্বিপ, হস্তী, করী, বৃংগল, নশ , বারণ, কুঞ্জর ইত্যাদি।

26) Hardly had I reached school __

✔ 1) when the bell rang
2) then the bell rang
3) than the bell rang
4) after the bell rang

**ব্যাখ্যা :**

Structure:
Scarcely/ hardly + had + past participle of the principal verb + when + past indefinite tense.
Hardly had I reached school when the bell rang.

27) বার্ষিক 12 টাকা হারে 600 টাকার 6 মাসের সুদ কত?

1) ৪৮ টাকা
2) ২৪ টাকা
✔ 3) ৩৬ টাকা
4) ৬০ টাকা

**ব্যাখ্যা :** এখানে p=600
n = 6/12 = 1/2
r= 12/100 আমরা জানি,
I = pnr
= 600 * (1/2) * (12/100)
= 36

Hello BCS

28) একটি রেখংশের উপর অঙ্কিত বর্গক্ষেত্র ঐ বর্গক্ষেত্রের এক-তৃতীয়াংশ এর উপর অঙ্কিত বর্গক্ষেত্রের কত গুণ?

1) ১/৯ গুণ
2) ৩ গুণ
✔ 3) ৯ গুণ
4) ১/৩ গুণ

**ব্যাখ্যা :** ধরি , রেখাংশটির দৈর্ঘ্য a
∴ উক্ত বর্গক্ষেত্রের ক্ষেত্রফল = $a^2$ বর্গ একক।
a - এর এক - তৃতীয়াংশ = a/3
∴ এর উপর অংকিত বর্গক্ষেত্রের ক্ষেত্রেফল =$a^2/ 9$ বর্গ একক
প্রশ্নমতে,
$a^2 \div (a^2 / 9) = 9$
অর্থাৎ 9 গুণ হবে।

29) What is the transformation of আমি তোমাকে খাওয়াব?

✔ 1) I Shall Feed you
2) I Shall give you a party
3) I Shall be eating you
4) I Shall eat you

**ব্যাখ্যা :** আমি তোমাকে খাওয়াব = I Shall Feed you

30) Verb form of the word ' Danger' is

1) dangerous
2) dangerlly
✔ 3) Endanger
4) dangerously

**ব্যাখ্যা :** Danger শব্দটি হচ্ছে Noun আর এর Verb করতে হলে প্রথম ' in ' prefix যুক্ত করতে হয় । সে হিসাবে (গ) option টিই সঠিক । অন্য Option গুলোর মধ্যে dangerous হচ্ছে Adjective ; dangerously হলো Adverb ।

31) Noun form of the word 'Long' is

✔ 1) length
2) longest
3) lengthen
4) longer

Hello BCS

**ব্যাখ্যা :** Long শব্দের Noun হচ্ছে length । সুতরাং (ক) option টি সঠিক। অন্যদিকে, longer হচ্ছে long - এর comparative form; longest হচ্ছে superlative form ; lengthen হচ্ছে long - এর verb form.

32) 'আকাশে চাঁদ উঠেছে'। এখানে 'আকাশে' কোন প্রকারের অধিকরণ?

✔ 1) ঐক্যদেশিক অধিকরণ
2) কালাধিকরণ
3) ভাবাধিকরণ
4) দ্বিগু

**ব্যাখ্যা :** বিরাট স্থানের যে কোনো অংশে ক্রিয়া সংঘটিত হলে তাকে ঐকদেশিক আধারধিকরণ বলে। যেমন পুকুরে মাছ আছে। বনে বাঘ আছে । আকাশে চাঁদ উঠেছে ইত্যাদি।

33) কোনো দেশের ভারসাম্য রক্ষার জন্য সেই দেশের কতভাগ বনভূমি প্রয়োজন?

✔ 1) ২৫ ভাগ
2) ৩৫ ভাগ
3) ৩০ ভাগ
4) ২০ ভাগ

**ব্যাখ্যা :** কোনো দেশের ভারসাম্য রক্ষার জন্য সেই দেশের শতকরা ২৫ ভাগ বনভূমি থাকা প্রয়োজন। বাংলাদেশের বনভূমি মোট স্থলভাগের ১৭.০৮%।

34) 100 টাকায় 15 টি করে ক্রয় করে, 100 টাকায় 12 টি করে বিক্রয় করলে, শতকরা কত লাভ/ক্ষতি হবে?

✔ 1) 25% লাভ
2) 20% ক্ষতি
3) 20% লাভ
4) 25% ক্ষতি

**ব্যাখ্যা :** ১৫ টি কমলার ক্রয়মূল্য ১০০ টাকা
. : ১ " " " ১০০/১৫ " = ২০/৩
আবার,
১২ টি কমলার বিক্রয়মূল্য ১০০ টাকা
. : ১ " " " ১০০/১২ " = ২৫/৩ "
. : লাভ= ২৫/৩ - ২০/৩ = ৫/৩
. : শতকরা লাভের হার =( ৫/৩ ÷ ২০ /৩) * ১০০
= ২৫ %

Hello BCS

35) ২১ শে ফেব্রুয়ারিকে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসেবে ঘোষণা করে?

✔ 1) ইউনেস্কো
2) ইউ.এন.ডি.পি
3) আই এম এফ
4) ইউ এন এফ পি এ

**ব্যাখ্যা :** বাঙালি জাতির ১৯৫২ সালের আত্মত্যাগের দীর্ঘ ৪৭ বছর পর ১৯৯৯ সালের ১৭ নভেম্বর UNESCO ২১ ফেব্রুয়ারিকে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসেবে স্বীকৃতি প্রদান করে। ২০০০ সালের ২১ ফেব্রুয়ারি UNESCO - র ১৮৮ টি সদস্য রাষ্ট্রে দিবসটি প্রথমবারের মতো পালিত হয়। বর্তমানে UNESCO এর সদস্য রাষ্ট্র ১৯৩ টি।

36) কোন বাগধারাটি স্বতন্ত্র অর্থ প্রকাশ করে

✔ 1) ভিজা বিড়াল
2) বিড়াল তপস্বী
3) বক ধার্মিক
4) তুলসী বনের বাঘ

**ব্যাখ্যা :** তুলসী বনের বাঘ ,বিড়াল তপস্বী ও বকধার্মিক বাগধারাগুলোর অর্থ ভণ্ড বা ভণ্ড সাধু। অপরদিকে ভিজা বিড়াল বাগধারাটির অর্থ কপটচারী।

Hello BCS

37) ভাষার মৌলিক অংশ কয়টি ?

1) ২টি
✔ 2) ৪টি
3) ৫টি
4) ৬টি

**ব্যাখ্যা :** প্রত্যেক ভাষারই চারটি মৌলিক অংশ থাকে। যেমন : ১. ধ্বনি (Sound) ২. শব্দ (Word ) ৩. বাক্য ( Sentence ) ৪. অর্থ (Meaning).

38) ‘শৈশব’ এর প্রকৃতি ও প্রত্যয় কোনটি?

1) শৈ+শব
2) শিশু+শব
3) শিশু+ষ্ণা
✔ 4) শিশু+ষ্ণ

**ব্যাখ্যা :** যে শব্দের সাথে 'ষ্ণ' অ - প্রত্যয় যুক্ত হয়, তার প্রাতিপদিকের অন্ত্যস্বরের উ - কার ও ও - কারে পরিণত হয়। ও + অ সন্ধিতে 'অব' হয়। যেমন - গুরু + ষ্ণ = গৌরব , শিশু + ষ্ণ = শৈশব, লঘু + ষ্ণ = লাঘব, মধুর + ষ্ণ = মাধব।

39) একটি অপূর্ণ বাক্যের পর অন্য একটি বাক্যের অবতারণা হলে কোন চিহ্ন ব্যাবাহার করতে হবে?

1) কোলন ড্যাস
2) হাইফেন
✔ 3) কোলন
4) ড্যাস

**ব্যাখ্যা :** একটি অপূর্ণ বাক্যের পরে অন্য একটি বাক্যের অবতারণা করতে হলে কোলন ( :) ব্যবহৃত হয়। কমা অপেক্ষা বেশি বিরতির প্রয়োজন হলে সেমিকোলন ( ;), সমাসবদ্ধ পদের অংশগুলো বিচ্ছিন্ন করে দেখানোর জন্য হাইফেন ( - ) এবং যৌগিক ও মিশ্রবাক্যে পৃথক ভাবাপন্ন দুই বা তার বেশি সমন্বয় বা সংযোগ বোঝাতে ড্যাস চিহ্ন ( - ) ব্যবহৃত হয়।

40) $a^3 - b^3 = 513$ এবং $a-b= 3$ হয়,তবে $ab =$?

✔ 1) 54
2) 45
3) 55
4) 35

**ব্যাখ্যা :** $a^3 - b^3 = 513$
$\Rightarrow (a-b)^3+3ab(a-b) = 513$
$\Rightarrow (3)^3 +3ab * 3 = 513$
$\Rightarrow 9ab = 486 = 54$

41) The man was---- for murder .

1) hung
2) hang
3) hangged
✔ 4) hanged

**ব্যাখ্যা :** 'Hang' verb টি ফাঁসিতে ঝোলানো অর্থ প্রকাশ করলে এর Past ও Past participle form হবে ' hanged' । প্রদত্ত sentence - এ murder word টি থাকায় hanged হবে।

42) সাপের খোলস- বাক্য সংকোচন কি হবে?

1) প্লাবক
2) উরগ
✔ 3) নির্মোক
4) কৃত্তি

**ব্যাখ্যা :** যা লাফিয়ে চলে - প্লাবক । বুকে হেটে চলে যে - উরগ । বাঘের চামড়া - কৃত্তি । সাপের খোলস - নির্মোক।

Hello BCS

43) The Synonym of the 'cordial' is

1) meek
2) unfriendly
✔ 3) amiable
4) hostile

**ব্যাখ্যা :** cordial অর্থ সৌহার্দ্যপূর্ণ, আন্তরিক। অপশন গুলোর মধ্যে, hostile অর্থ প্রতিকূল, unfriendly অর্থ বন্ধুত্বহীন, amiable অর্থ আন্তরিক, meek অর্থ নম্র। সুতরাং cordial ও amiable হচ্ছে synonym.

44) His ---------------- pleased us all.

1) silver spoon
2) well and woe
✔ 3) Maiden speech
4) slow coach

**ব্যাখ্যা :** His maiden speech pleased us all. = তার প্রথম ভাষণ আমাদের সকলকে খুশি করেছিল।

45) কোনটি নিত্য সমাস?

✔ 1) জলমাত্র
2) ভবনদী
3) কলেছাঁটা
4) জয়ধ্বনি

**ব্যাখ্যা :** যে সমাসে সমস্যমান পদগুলো নিত্য সমাসবদ্ধ থাকে, ব্যাসাক্যের দরকার হয় না তাকে নিত্য সমাস বলে। যেমন : অন্য গ্রাম = গ্রামান্তর ; কেবল দর্শন = দর্শনমাত্র ; অন্য গৃহ = গৃহান্তর ; কাল তুল্য সাপ = কালসাপ ; তুমি, আমি ও সে = আমরা , দুই এবং নব্বই = বিরানব্বই।

46) The adverb form is 'Heart' is

1) heart
✔ 2) heartily
3) hearten
4) heartly

**ব্যাখ্যা :** Option গুলোর মধ্যে heart হচ্ছে noun; hearten হলো heart এর verb; heartly এর কোনো ব্যবহার নেই এবং heartily হচ্ছে heart এর Adverb form .

Hello BCS

47) সে আমার আপন ভাই

✔ 1) He is my brother
2) He is my elder brother
3) He is my own brother
4) He is my step brother

**ব্যাখ্যা :** My brother বলতে আমার আপন ভাই বা সহোদরকে বোঝায় । Step brother - সৎ ভাই , elder brother - আপন বড় ভাই। আর Own brother - এর ব্যবহার সাধারণত হয় না। সুতরাং (ক) option টিই সঠিক।

48) Let the sentence be ( pen) through .

1) pened
✔ 2) penned
3) penning
4) pen

**ব্যাখ্যা :** Imperative sentence এর passive করতে হলে let + subject + be + v3 ব্যবহার করতে হয়। প্রদত্ত বাক্যে pen verb হিসেবে ব্যবহৃত হওয়ায় এর Past Participle form হবে penned ।

Hello BCS

49) নিচের কোন বানানটি শুদ্ধ?

1) অত্যাধিক
✔ 2) অদ্যাপি
3) আদ্যাক্ষর
4) আবিস্কার

**ব্যাখ্যা :** সঠিক বানান : অদ্যাপি। অদ্যাপি শব্দের অর্থ - এখনও, আজও। প্রদত্ত শব্দটি একটি অব্যয় পদ।

50) বর্তমান মেয়াদে মহামান্য রাষ্ট্রপতি মো : আব্দুল হামিদ কততম রাষ্ট্রপতি?

✔ 1) ২১ তম
2) ১৯ তম
3) ২২ তম
4) ২০ তম

**ব্যাখ্যা :** আব্দুল হামিদ (জন্ম : ১ জানুয়ারি, ১৯৪৪) একজন বাংলাদেশী রাজনীতিবিদ। বর্তমানে তিনি বাংলাদেশের ২১তম রাষ্ট্রপতি (ব্যক্তি হিসেবে ১৭তম)। দ্বিতীয় মেয়াদে তিনি ২১তম রাষ্ট্রপতির দায়িত্ব গ্রহণ করেন ৭ ফেব্রুয়ারি ২০১৮ সালে।

51) আমার লিখিবার কলম নাই

1) I have no pen to write
2) I have no pen for write
3) I have no writing pen
✔ 4) I have no pen to write with

**ব্যাখ্যা :** লিখিবার কলম/লেখার কলম/ লেখার জন্য কলম ইত্যাদির সঠিক ইংরেজি হচ্ছে ' pen to write with' । অর্থাৎ কোনো কিছুর সাহায্যে (pen/pencil) লেখা বোঝাতে 'write with ' ব্যবহৃত হয়।
আমার লিখিবার কলম নাই = I have no pen to write with

52) নিচের কোনটি প্রত্যয়যোগে গঠিত স্ত্রীবাচক শব্দ ?

1) পেত্নী
2) সভানেত্রী
3) বাদী
✔ 4) জেলেনী

**ব্যাখ্যা :** কর্তৃ কারকের এক বচনে ইন্ প্রত্যেয় ঈ রুপ গ্রহণ করে। যেমন জ্ঞান + ইনী = জ্ঞানিনী, গুণ + ইনী = গুণিনী ইত্যাদি ।

53) ‘চক্ষুদান করা ‘ বাগধারার অর্থ কী?

✔ 1) চুরি করা
2) নষ্ট করা
3) সেবা করা
4) অপরাধ করা

**ব্যাখ্যা :** 'চক্ষুদান করা' বাগধারাটির অর্থ চুরি বা চুরি করা । যেমন - পকেটমার আমার মানিব্যাগটি চক্ষুদান করে নিয়ে গেল।

54) স্বাধীন বাংলাদেশের প্রথম সরকার গঠিত হয় কবে?

1) ১০ এপ্রিল, ১৯৭২
2) ১৭ এপ্রিল, ১৯৭১
✔ 3) ১০ এপ্রিল, ১৯৭১
4) ১৮ এপ্রিল, ১৯৭১

Hello BCS

**ব্যাখ্যা :** ১৯৭০ সালের ৭ ডিসেম্বর অনুষ্ঠিত জাতীয় পরিষদের নির্বাচনে বিজয়ী সদস্যগণ ১০ এপ্রিল ১৯৭১ ভারতের আগরতলায় একত্রিত হয়ে একটি সরকার গঠন করার বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্তে উপনীত হন। এ সরকারই স্বাধীন সার্বভৌম গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের প্রথম সরকার বা স্বাধীন বাংলাদেশের অস্থায়ী সরকার । ১৭ এপ্রিল ১৯৭১ তৎকালীন কুষ্টিয়া জেলার মেহেরপুর মহকুমার (বর্তমান মেহেরপুর জেলা) ভবেরপাড়া গ্রামের বৈদ্যনাথ তলায় (বর্তমান মুজিবনগর) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার আনুষ্ঠানিকভাবে শপথ গ্রহণ করে।

55) He speaks as if he ----- a mad .

✔ 1) were
2) had been
3) has been
4) is

**ব্যাখ্যা :** 'as if ' দ্বারা গঠিত বাক্যে 'as if' এর পূর্বে present tense থাকলে পরে past tense হবে। তবে, be verb - এর ক্ষেত্রে যে কোনো subject - এর জন্য' were ' হবে। উল্লেখ্য যে, as if - এরপরে past form হলেও তা present এর অর্থ বহন করে।

56) $(\sqrt{3})^{x+1} = (\sqrt[3]{3})^{2x-1}$ এর সমাধান কত?

1) 6
2) 7
3) 4
✔ 4) 5

**ব্যাখ্যা :** $(\sqrt{3})^{x+1} = (\sqrt[3]{3})^{2x-1}$
বা, $3^{(x+1)/2} = 3^{(2x-1)/3}$
বা, $(x+1)/2 = (2x-1)/3$
বা, $3x+3 = 4x-2$
বা, $x = 5$

57) He is out of luck - অর্থ কি?

1) সে ভাগ্যের বাইরে
2) সে ভাগ্য হারিয়েছে
3) সে ভাগ্য হারা
✔ 4) তার পোড়া কপাল

**ব্যাখ্যা :** He is out of luck এটি একটি প্রবাদ বাক্য, যার অর্থ তার পোড়া কপাল।

58) নষ্ট হওয়া স্বভার যার - এক কথায় কী বলে ?

✔ 1) নশ্বর
2) অনিশ্বর

Hello BCS

3) নষ্ট
4) বিনষ্ট

**ব্যাখ্যা :** 'নষ্ট হওয়ার স্বভাব যার' - এর এক কথায় প্রকাশ হবে নশ্বর। নশ্বর - এর অপর অর্থ হলো নাশশীল, অনিত্য বা অস্থায়ী । অন্যদিকে নিদাঘ অর্থ গ্রীষ্মকাল বা উত্তাপ , নষ্টমান অর্থ নষ্ট হয়ে যাচ্ছে যা এবং বিনশ্বর অর্থ বিনাশধর্মী বা অনিত্য।

59) গম্ভীরা বাংলাদেশের কোন অঞ্চলের গান?

✔ 1) চাঁপাইনবাবগঞ্জ
2) দিনাজপুর
3) রংপুর
4) ময়মনসিংহ

**ব্যাখ্যা :** ভাটিয়ালী ময়মনসিংহ ও সিলেট অঞ্চলের গান । চটকা ও ভাওয়াইয়া রংপুর অঞ্চলের গান। গম্ভীরা চাঁপাইনবাবগঞ্জ অঞ্চলের গান।

60) ‘বনস্পতি’ শব্দের সন্ধি বিচ্ছেদ কোনটি?

1) বন + পতি
2) বনল+পতি
✔ 3) বনঃ+পতি
4) বন+স্পতি

**ব্যাখ্যা :** ব্যাকরণের সাধারণ বা বিশেষ কোনো নিয়মানুসারেই যখন কোনো কর্ম ব্যাখ্যা করা যায় না, অথচ তা সংঘটিত হয়, তখন সেই ব্যতিক্রম বৈধতা দেয়ার নাম নিপাতনে সিদ্ধ। কতকগুলো সন্ধি নিপাতনে, সিদ্ধ হয়। যেমন : বন্ + পতি = বনস্পতি , পর + পর = পরস্পর , আ + চর্য = আশ্চর্য, বৃহৎ + পতি = বৃহস্পতি ইত্যাদি।

61) নিচের কোন বাক্যটি শুদ্ধ ?

1) এ সংবাদে সন্তোষ হলাম
2) এতে আশ্চার্য হলাম
✔ 3) বিবিধ জিনিস কিনলাম
4) কেবল মাত্র তুমি আসবে

**ব্যাখ্যা :** শুদ্ধ বাক্য - বিবিধ জিনিস কিনলাম

62) একটি বর্গক্ষেত্রের ক্ষেত্রফল 18 ব.মি. হলে, কর্ণের দৈর্ঘ্য কত?

✔ 1) ৬ মিটার
2) ৩ মিটার
3) ৯ মিটার
4) ১২ মিটার

Hello BCS

**ব্যাখ্যা :** বর্গক্ষেত্রের বাহু a একক

$a^2$ = ১৮

⇒ a =√(৯×২)

= ৩√২

∴ কর্ণের দৈর্ঘ্য = √২a

=√২ × ৩√২

= ৬

63) বাংলা একাডেমি প্রতিষ্ঠিত হয়?

1) ৩ ডিসেম্বর, ১৯৫৪ সালে
✔ 2) ৩ ডিসেম্বর, ১৯৫৫ সালে
3) ৩ ডিসেম্বর, ১৯৬০
4) ৩ ডিসেম্বর, ১৯৫২

**ব্যাখ্যা :** বাংলা একাডেমি প্রতিষ্ঠিত হয় ১৯৯৫ সালের ৩ ডিসেম্বর এবং ১৯৬০ সাল থেকে বাংলা একাডেমি পুরস্কার প্রবর্তিত হয়। ১৯৫২ সালে এশিয়াটিক সোসাইটি প্রতিষ্ঠিত হয়।

64) They arrived here after you

✔ 1) had left
2) leave
3) left
4) will leave

**ব্যাখ্যা :** Past perfect tense এ after এর পূর্বে past Indefinite এবং পরে had + verb এর Past Participle form ব্যবহৃত হয়। সুতরাং (ক) had left সঠিক উত্তর ।

65) সাধারণ বৈদ্যুতিক বাল্বের ভিতর কি গ্যাস থাকে?

1) হাইড্রজেন
2) হিলিয়াম
3) অক্সিজেন
✔ 4) নাইট্রোজেন

**ব্যাখ্যা :** সাধারণ বৈদ্যুতিক বাল্বের ভিতর নাইট্রোজেন গ্যাস ব্যবহার করা হয়। বৈদ্যুতিক টিউব লাইটে হিলিয়াম গ্যাস ব্যবহার করা হয়।

66) আয়তাকার একটি ঘরের প্রস্থ অপেক্ষা দৈর্ঘ্য ১২ মিটার বড় এবং তার পরিসীমা ১৩৬ মিটার হলে, দৈর্ঘ্য ও প্রস্থ =?

1) ৪২ ও ৩২

Hello BCS

✔ 2) ৪০ ও ২৮
3) ৩৮ ও ৩৬
4) ৪০ ও ৫২

**ব্যাখ্যা :** প্রস্থ x মি. , দৈর্ঘ্য (x + ১২) মি.
শর্তমতে, ২( x + ১২ + x) = ১৩৬
বা, ২x + ১২ = ৬৮
বা, ২x = ৫৬
∴ x = ২৮
∴ প্রস্থ ২৮ মি. এবং দৈর্ঘ্য (২৮ + ১২) বা ৪০ মি.

67) 'সাবাস বাংলাদেশ' ভাস্কর্যটি কোথায় অবস্থিত?

1) জয়দেবপুর
✔ 2) রাজশাহী বিশ্ববিদ্যালয়ে
3) ঢাকা বিশ্ববিদ্যালয়
4) টি এস সি

**ব্যাখ্যা :** 'সাবাশ বাংলাদেশ' ভাস্কর্যটি রাজশাহী বিশ্ববিদ্যালয়ে অবস্থিত। ভাস্কর্যটির স্থপতি নিতুন কুণ্ডু। অপরাজেয় বাংলা, স্বোপার্জিত স্বাধীনতা , বিজয় উল্লাস, স্বাধীনতার সংগ্রাম প্রভৃতি ভাস্কর্য ঢাকা বিশ্ববিদ্যালয়ের অবস্থিত। 'স্মরণ' ভাস্কর্য অবস্থিত চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে এবং 'সংশপ্তক' জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে অবস্থিত।

68) ১১তম বিশ্বকাপ ক্রিকেটে চ্যাম্পিয়ন দল কোনটি?

1) নিউজিল্যাণ্ড
✔ 2) অস্ট্রেলিয়া
3) শ্রীলঙ্কা
4) ভারত

**ব্যাখ্যা :** ১১ তম বিশ্বকাপ ক্রিকেটে চ্যাম্পিয়ন ও রানার্সআপ দল হলো যথাক্রমে অস্ট্রেলিয়া ও নিউজিল্যান্ড। ১০ তম বিশ্বকাপ ক্রিকেটে চ্যাম্পিয়ন দল ভারত। ৬ ষ্ঠ বিশ্বকাপ ক্রিকেটে চ্যাম্পিয়ন দল শ্রীলংকা।

69) $a=\sqrt{6}+\sqrt{5}$ হলে, $(a^6 -1)/a^3$ এর মান কত?

1) $43\sqrt{5}$
2) $47\sqrt{6}$
✔ 3) $46\sqrt{5}$
4) $45\sqrt{5}$

**ব্যাখ্যা :** $a=\sqrt{6}+\sqrt{5}$
$1/a = 1 / (\sqrt{6}+\sqrt{5}) =(\sqrt{6}+\sqrt{5}) (\sqrt{6}-\sqrt{5}) / 6-5 = \sqrt{6}-\sqrt{5}$
$a- 1/a = 2\sqrt{5}$

Hello BCS

$(a^6 - 1)/a^3$
$= a^3 - 1/a^3$
$= (a - 1/a)^3 + 3.a.\ 1/a\ (a - 1/a)$
$= 40\sqrt{5} + 6\sqrt{5} - = 46\sqrt{5}$

70) একটি খাড়া খুটি মাটি থেকে 3 মিটার উপরে ভেঙ্গে বিচ্ছিন্ন না হয়ে অন্যপ্রান্ত ভূমিতে 4 মিটার দূরত্বে স্পর্শ করলে খুঁটির উচ্চতা কত?

1) ৬ মিটার
2) ৯ মিটার
✔ 3) ৫ মিটার
4) ৭ মিটার

**ব্যাখ্যা :** খুঁটির উচ্চতা AD = h মি.
AC = 3 মি.
ABC সমকোণী ত্রিভুজ হতে ,
$(h-3)^2 = 4^2 + 3^2$
so; h = 5

71) সাধু ও চলিত রীতি বাংলা ভাষার কোনরূপে বিদ্যামান?

1) আঞ্চলিক
✔ 2) লেখ্য
3) কথ্যভাষা
4) উপভাষা

**ব্যাখ্যা :** বাংলা ভাষার লৈখিক বা লেখ্য রুপের দুটো রীতি রয়েছে : একটি চলিত রীতি (standard colloquial Style), অপরটি সাধু রীতি (Standard written form )।

72) PQRS সামান্তরিকের

1) 120°
✔ 2) 80°
3) 100°
4) 90°

**ব্যাখ্যা :** সামান্তরিকের বিপরীত কোণগুলো পরস্পর সমান।কোণ P=কোণ R= 100°
কোণ Q=কোণ S= (360°−200°)/ 2
= 160°/ 2
= 80°

Hello BCS

73) মালয়েশিয়ার মুদ্রার নাম?

✔ 1) রিংগিত
2) রুপি
3) পেসো
4) রুবল

**ব্যাখ্যা :** মালয়েশিয়ার মুদ্রার নাম - রিংগিট।
থাইল্যান্ডের মুদ্রার নাম - বাথ।
তুরস্কের মুদ্রার নাম - লিরা।
আর্জেন্টিনা, কিউবা, উরুগুয়ে, ফিলিপাইনের মুদ্রার নাম - পেসো।

74) আমিষ বেশি আছে কোনটিতে?

1) গরুর মাংস
2) খেসারী ডাল
3) বুটের ডাল
✔ 4) মসুর ডাল

**ব্যাখ্যা :** গরুর মাংস ও মসুরের ডাল উভয়েই আমিষ বা প্রোটিন জাতীয় খাদ্য। প্রতি ১০০ গ্রাম মসুর ডালে প্রোটিনের পরিমাণ ২৫.১ গ্রাম এবং গরুর মাংসে ২২.৬ গ্রাম।

75) নিচের তথ্যগুলো লক্ষ্য করুন
(i)বৃত্তে স্পর্শক স্পর্শকবিন্দুগামী ব্যাসার্ধের উপর লম্ব
(ii) অর্ধবৃত্তস্থ কোণ এক সমকোণ
(iii)বৃত্তের সকল সমান জ্যা কেন্দ্র থেকে সমদূরবর্তী
ওপরের তথ্যের আলোকে নিম্নের কোনটি সঠিক?

1) (ii) ও (iii)
✔ 2) (i), (ii) ও (iii)
3) (i) ও (ii)
4) (i) ও (iii)

**ব্যাখ্যা :** বৃত্তে স্পর্শক স্পর্শকবিন্দুগামী ব্যাসার্ধের উপর লম্ব
অর্ধবৃত্তস্থ কোণ এক সমকোণ
বৃত্তের সকল সমান জ্যা কেন্দ্র থেকে সমদূরবর্তী
সবগুলোই সঠিক।

76) সমবাহু ত্রিভুজের বাহুর দৈর্ঘ্য যদি 'a' হয়, তাহলে তার ক্ষেত্রফল হবে—

✔ 1) $\sqrt{3}/4\ a^2$
2) √3/4

Hello BCS

3) $\sqrt{3}/2\ a^2$
4) $\sqrt{3}/2$

**ব্যাখ্যা :** সমবাহু ত্রিভুজের বাহুর দৈর্ঘ্য যদি 'a' হয়, তাহলে তার ক্ষেত্রফল হবে— $\sqrt{3}/4\ a^2$

77) ত্রিভুজ ABC এর BC বাহুকে D পর্যন্ত বৃদ্ধি করা হলো, যেখানে কোণ A= 45°, কোণ B=60° হলে, কোণ ACD=?

1) 120°
✔ 2) 105°
3) 150°
4) 90°

**ব্যাখ্যা :** কোণ , A + B + C = 180°
কোণ C = 180°-45°-60° = 75°
বহিঃস্থ কোণ = 180° - 75° = 105°

78) Without working hard you can't shine in life.( make it complex sentence)

1) Unless you do not work hard,you can not shine in life
✔ 2) Unless you work hard you can not shine in life
3) Inspite of working hard, you can not shine in life
4) Though he works hard he can not shine in life

**ব্যাখ্যা :** Without + gerund যদি conditional sense - এ simple sentence এ ব্যবহৃত হয় , তবে complex করার সময় if বা unless যুক্ত clause - এ অতিরিক্ত not ব্যবহৃত হয় না। সুতরাং (খ) ই সঠিক উত্তর ।

79) -----He is coming today .

✔ 1) Ten to one
2) At length
3) All in
4) At large

**ব্যাখ্যা :** At length - অবশেষে ; ten to one- সম্ভবত ; at large - স্বাধীনভাবে এবং all in all সর্বেসর্বা । ' Ten to one' phrase টিই এখানে appropriate meaning দেয় অর্থাৎ সম্ভবত সে আজ আসছে।

80) $x^3 + 6x^2y + 11xy^2 + 6y^3$ এর উৎপাদক কোনটি?

1) (x+y)(x+4y)(x+5y)
2) (x+y)(x+3y)(x+5y)

Hello BCS

✔ 3) (x+y)(x+2y)(x+3y)
4) (x+y)(x-y)(x+2y)

**ব্যাখ্যা :** $x^3 + 6x^2y + 11xy^2 + 6y^3$
$=x^3+x^2y+5x^2y+5xy^2+6xy^2+6y^3$
$=x^2(x+y)+5xy(x+y)+6y^2(x+y)$
$=(x+y)(x^2+5xy+6y^2)$
$=(x+y)(x^2+3xy+2xy+6y^2)$
$=(x+y)(x+2y)(x+3y)$

81) 2 টি সংখ্যার গুণফল 54 & লসাগু 18 হলে, গসাগু ?

1) 2
2) 1
✔ 3) 3
4) 4

**ব্যাখ্যা :** সংখ্যা দুটির গ.সা.গু = সংখ্যা দুটির গুনফল/সংখ্যা দুটির ল.সা.গু
= 54 / 18
= 3

82) $\log_x 1/16 = -2$ হলে, x এর মান কত?

1) 5
✔ 2) 4
3) 6
4) 3

**ব্যাখ্যা :** $\log_x 1/16 = -2$
বা, $x^{-2} = 1/16$
বা, $1/x^2 = 1/16$
বা, $x^2 = 4^2$
বা, $x = 4$

83) বাংলাদেশ সংবিধানের মূলনীতি কয়টি?

1) ২টি
2) ৩ টি
✔ 3) ৪ টি
4) ৬ টি

**ব্যাখ্যা :** বাংলাদেশ সংবিধানের মূলনীতি ৪ টি। যথাঃ জাতীয়তাবাদ, সমাজতন্ত্র, গনতন্ত্র, ধর্মনিরপেক্ষতা।

Hello BCS

84) কোনটি স্বরসন্ধির উদাহরণ ?

✔ 1) হিমালয়
2) সংসার
3) বনস্পতি
4) অহরহ

**ব্যাখ্যা :** বাংলা সন্ধি দু'রকমের : স্বরসন্ধি ও ব্যঞ্জনসন্ধি । স্বধ্বনির সঙ্গে স্বরধ্বনি মিলে যে সন্ধি হয় তাকে স্বরসন্ধি বলে । অ + আ = আ, হিম + আলয় = হিমালয় । এরুপ দেবালয় , রত্মাকর ,সিংহাসন ইত্যাদি।

85) ডায়েট কোন দেশের পার্লামেন্ট?

1) সুইডেন
2) তুরস্ক
✔ 3) জাপান
4) পোল্যান্ড

**ব্যাখ্যা :** পোল্যান্ডের পার্লামেন্টের নাম ন্যাশনাল অ্যাসেম্বলি। সুইডেনের পার্লামেন্টের নাম রিক্সদাগ। তুরস্কের পার্লামেন্টের নাম গ্র্যান্ড ন্যাশনাল অ্যাসেম্বলি অব তুরস্ক। জাপানের পার্লামেন্টের নাম ডায়েট।

86) নিচের কোনটি নিত্য স্ত্রীবাচক শব্দ?

1) সম্রাজ্ঞী
2) সভানেত্রী
✔ 3) ডাইনী
4) মানুষ

**ব্যাখ্যা :** নিত্য স্ত্রী বাচক শব্দ - সধবা, বিধবা, স্বপত্নী, সতীন, ডাইনি, বাঁইজি, কলঙ্কিনী, শাকচুন্নি, কুলটা, অসম্পর্স্যা, অন্তস্বত্তা, সৎমা, এঁয়ো, সুজলা, সুফলা, রূপসী, অঅর্ধাঙ্গিনী।

87) a এর মান কত হলে $9 - 12x + ax^2$ একটি পূর্ণবর্গ হবে?

1) 2
2) 5
✔ 3) 4
4) 3

**ব্যাখ্যা :** $9 - 12x + ax^2$
$= (3)^2 - 2.3.2x + ax^2$
রাশিমালা হতে স্পষ্ট, $ax^2 = (2x)^2 = 4x^2$
so, a= 4

Hello BCS

88) The Padma is one of the biggest rivers in Bangladesh.( Positive)

1) Very few rivers in Bangladesh are as bigger as the Padma
2) Very few rivers in Bangladesh is as big as the Padma
✔ 3) Very few rivers in Bangladesh are as big as the Padma
4) Very few rivers in Bangladesh is as bigger as the Padma

**ব্যাখ্যা :** One of the + superlative + plural noun দ্বারা superlative degree গঠিত হলে এর positive করতে হলে very few + plural noun + Plural verb + as + positive degree + as/so (negative হলে) + superlative - এর subject ব্যবহার করতে হয় ।

89) একটি ত্রিভুজের ভূমি তার উচ্চতার দ্বিগুণ অপেক্ষা ৬ সে.মি. বেশি, ত্রিভুজটির ক্ষেত্রফল ৮১০ বর্গ.সেমি. হলে, এর উচ্চতা কত?

1) 25 সে.মি.
2) 24 সে.মি.
✔ 3) 27 সে.মি.
4) 28 সে.মি.

**ব্যাখ্যা :** উচ্চতা = x; ভূমি = 2x+6
ক্ষেত্রফল = 810
বা, (1/2) * x * (2x+6) = 810
বা, $2x^2+6x = 1620$
বা, $x^2+3x-810=0$
বা, (x+30) (x-27) =0
x=27

90) ‘মরদ’ এর বিপরীত লিঙ্গ কোনটি?

1) জেনানী
2) মর্দ
✔ 3) জেনানা
4) মাদী

**ব্যাখ্যা :** মরদ শব্দের অর্থ পুরুষ । জেনানা শব্দের অর্থ মহিলা ।

91) বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন দিবস?

1) ৯ জানুয়ারি ১৯৭২
2) ১১ জানুয়ারি ১৯৭২
3) ১২ জানুয়ারি ১৯৭২
✔ 4) ১০ জানুয়ারি ১৯৭২

Hello BCS

**ব্যাখ্যা :** ১০ জানুয়ারি, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঐতিহাসিক স্বদেশ প্রত্যাবর্তন দিবস। মুক্তিযুদ্ধকালীন পাকিস্তানের বন্দিদশা থেকে মুক্তি পেয়ে ১৯৭২ সালের এদিন সদ্য স্বাধীন বাংলাদেশের মাটিতে প্রত্যাবর্তন করেন তিনি।

92) A ----- in time saves nine .

1) stick
✔ 2) Stitch
3) strict
4) stich

**ব্যাখ্যা :** A stitch in time saves nine. = সময়ের এক ফোঁড়, অসময়ের দশ ফোঁড়।

93) ‘জিজ্ঞাসিব জনে জনে’- এখানে ‘জনে জনে’ কোন কারকে কোন বিভক্তি?

1) করণে ৭মী
✔ 2) কর্মে ৭মী
3) অধিকরণে ৭মী
4) অপাদানে ৭মী

**ব্যাখ্যা :** যাকে আশ্রয় করে কর্তা ক্রিয়া সম্পন্ন করে, তাকে কর্ম কাকে বলে। কর্ম দুপ্রকার : মুখ্যকর্ম গৌণকর্ম। যেমন : বাবা আমাকে (গৌণকর্ম) একটি কলম (মুখ্যকর্ম) কিনে দিয়েছেন। সপ্তমী বিভক্তির আকৃতি (একবচনে) এ, (য়) , য়, তে, এতে। (বহুবচনে) দিগে, দিগেতে ,গুলিতে, গণে, গুলির মধ্যে, গুলোতে, গুলোর মধ্যে।

94) ১ম ও ২য় সংখ্যার গড় ২৫. আবার ১ম, ২য় ও ৩য় সংখ্যার গড় ৩০ হলে, ৩য় সংখ্যাটি কত?

1) ৫০
2) ৯০
3) ২৫
✔ 4) ৪০

**ব্যাখ্যা :** প্রথম ও দ্বিতীয় সংখ্যার সমষ্টি = ২ × ২৫ = ৫০
প্রথম, দ্বিতীয় ও তৃতীয় সংখ্যার সমষ্টি = ৩ × ৩০ = ৯০
তৃতীয় সংখ্যাটি = ৯০ - ৫০ = ৪০

95) কেন্দ্রীয় শহীদ মিনারের স্থপতি কে?

1) আমিনুল হক
2) শামীম শিকদার
3) নিতুন কুণ্ডু
✔ 4) হামিদুর রহমান

Hello BCS

**ব্যাখ্যা :** শহীদ মিনারের স্থপতি হামিদুর রহমান।
কেন্দ্রীয় শহিদ মিনার ১৯৫২ খ্রিষ্টাব্দের ভাষা আন্দোলনের স্মৃতিসৌধ। এটি বাংলাদেশের রাজধানী ঢাকার কেন্দ্রস্থলে ঢাকা মেডিক্যাল কলেজের বহিপ্রাঙ্গনে অবস্থিত। প্রতি বছর ২১শে ফেব্রুয়ারি তারিখে এখানে হাজার হাজার মানুষ উপস্থিত হয়ে ভাষা আন্দোলনের শহিদদের প্রতি শ্রদ্ধার্ঘ্য নিবেদন করে। এটি ঢাকার কেন্দ্রস্থলে অবস্থিত অন্যতম পর্যটন বিন্দু। বাংলাদেশের বিখ্যাত চিত্রশিল্পী হামিদুর রহমান মহান ভাষা আন্দোলনের স্মৃতিবিজড়িত শহীদ মিনারের স্থপতি হিসেবে চিহ্নিত হয়ে আছেন।

96) মৌলিক ধাতু সাধারণ তাপমাত্রায় তরল থাকে?

1) সীসা
2) ব্রোমিন
✔ 3) পারদ
4) ক্রোমিয়াম

**ব্যাখ্যা :** পারদ একমাত্র মৌলিক ধাতু যা সাধারণ তাপমাত্রায় তরল থাকে এবং আয়োডিন অধাতু হওয়া সত্ত্বেও সাধারণ তাপমাত্রায় কঠিন থাকে।

97) অনুবাদের পারদর্শিতা মূলত কিসের ওপর নির্ভরশীল?

1) পড়াশুনার
2) নির্ধারনে
✔ 3) ভাষান্তরের
4) অভ্যাসের

**ব্যাখ্যা :** অনুবাদে পারদর্শিতা মূলত ভাষান্তরের উপর নির্ভর করে। মূল ভাষা ও অনূদিত ভাষার গঠনশৈলী , শব্দভাণ্ডার, প্রবাদ - প্রবচন অর্থাৎ ব্যাকরণের খুঁটিনাটি বিষয় সম্পর্কে সম্যক ধারণা থাকা প্রয়োজন ।

98) বাংলাদেশের বার্ষিক গড় বৃষ্টিপাত কত?

✔ 1) ২০৩ সেঃমিঃ
2) ২০৫ সেমি
3) ২০৬ সে মিঃ
4) ২০৪ সে মি

**ব্যাখ্যা :** বাংলাদেশের বার্ষিক বৃষ্টিপাতের ৭০ - ৮০ শতাংশ সংঘটিত হয় বর্ষা মৌসুমে। অঞ্চলভেদে বার্ষিক গড় বৃষ্টিপাতের তারতম্য আছে। পশ্চিম - কেন্দ্রীয় অঞ্চলে এর পরিমাণ ১৫০০ মি.মি. বা ১৫০ সে.মি. ও দক্ষিণ - পূর্ব অঞ্চলে ৩০০০ মি.মি. বা ৩০০ সে.মি.। সামগ্রিকভাবে গড় বৃষ্টিপাত ২০৩ সে.মি।

99) এপিকালচার বলতে কি বোঝায়?

1) রেশম চাষ
2) বৃক্ষ চাষ

Hello BCS

3) মৎস্য চাষ
✔ 4) মৌমাছি চাষ

**ব্যাখ্যা :** মৎস্য চাষ বিষয়ক বিদ্যা পিসিকালচার। রেশম চাষ বিষয়ক বিদ্যা সেরিকালচার । মৌমাছি পালন সম্পর্কিত বিদ্যা এপিকালচার।

100) 5log3 — log9 =?

1) log 10
✔ 2) log 27
3) log 3
4) log8

**ব্যাখ্যা :** $5\log 3 - \log 9 = 5 \log 3 - \log 3^2$
$=5 \log 3 - 2 \log 3 = 3 \log 3 = \log 3^3$
$= \log 27$

---

ঘরে বসেই পড়ুন আর পরীক্ষা দিন হ্যালো বিসিএস এপে। ওয়েবসাইটে এক্সাম দিতে ভিজিট করুনঃ live.hellobcs.com

Hello BCS